Lens Asia

৯ জানুয়ারী, ২০২৬

# বিএনপির চেয়ারম্যান হলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

বেগম খালেদা জিয়ার মৃত্যুর পর আজ দলের জাতীয় স্থায়ী কমিটির জরুরি বৈঠকে সর্বসম্মতিক্রমে তারেক রহমানকে বিএনপির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

শুক্রবার রাতে গুলশানে বিএনপির চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে দলের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন। দীর্ঘদিন ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্বে থাকা তারেক রহমান ওই সভার মাধ্যমেই আনুষ্ঠানিকভাবে চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন।

খালেদা জিয়ার মৃত্যুর ফলে চেয়ারম্যান পদে শূন্য হওয়ায় দলীয় গঠনতন্ত্র অনুযায়ী এই জরুরি বৈঠক ডাকা হয়। আলোচনার পর স্থায়ী কমিটির সদস্যরা ঐকমত্যের ভিত্তিতে তারেক রহমানকে দলের সর্বোচ্চ পদে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত নেন, যা বিএনপির নেতৃত্বে নতুন অধ্যায়ের সূচনা করল।

LENS ASIA